

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল
www.food.barisaldiv.gov.bd

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.১২.২০৬.১৯.২০৮১

বিষয়: উচ্চতর গ্রেড মঞ্জুরের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা এর ০২/১২/২০২৪ খ্রি. তারিখের ৩০৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরাধীন ১০ম হতে ২০তম গ্রেডের কর্মকর্তা কর্মচারীদের উচ্চতর গ্রেড মঞ্জুরীর জন্য খাদ্য অধিদপ্তরের প্রশাসন বিভাগের ০৪/০৩/২০২১ তারিখের ১২০ নং স্মারকের ক্ষমতা হস্তান্তর পত্রের অনুষ্টেদ ২ এ বলা হয়েছে যে, “সংশ্লিষ্ট কর্মকর্তাগণ তাদের সংস্থাপনের নিজ নিজ কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য হস্তান্তরিত আর্থিক ক্ষমতাসমূহ সকল বিধিবিধান পালনপূর্বক প্রয়োগ করবেন।” তাছাড়া অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন-১ শাখার ২১-০৯-১৬ তারিখের ২৩২ নং প্রজ্ঞাপনমূলে জারীকৃত বেতন স্কেল-২০১৫ এর স্পষ্টীকরণের অনুষ্টেদ (খ) এ সন্তোষজনক চাকরির ব্যাখ্যায় বলা হয়েছে যে, “সন্তোষজনক চাকরি বুঝাইতে কর্মচারীদের পদোন্নতিসহ প্রযোজ্যক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধি-বিধান অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধি-বিধানসহ প্রযোজ্য হবে।”

এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকমূলে প্রস্তাবিত ০৯ (নয়) জন কর্মচারীর চাকরিকাল সন্তোষজনক হওয়ায় উচ্চতর গ্রেড উপর্যুক্ত অনুষ্টেদে বর্ণিত নির্দেশনাসহ অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক মঞ্জুর করার জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

সকল সংযুক্তিসমূহ:

- (১) উচ্চতর গ্রেড পাওয়ার আবেদন
- (২) 13_01_0400_000_32_001_23_309-2024-12-02-1733138693



৩০-১২-২০২৪
মোহাম্মদ মামুনুর রশিদ
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
rcf.bsl@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
বরগুনা।

